গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫
Website: www.banbeis.gov.bd; e-mail: info@banbeis.gov.bd

স্মারক নং - ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৭৩-২০১৯/৭৯৮ তারিখ: ৭ আশ্বিন ১৪২৬ / ২২ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: বার্ষিক শিক্ষা জরিপ ২০১৯ এর আওতায় **On line Software** ব্যবহার করে তথ্য প্রেরণ।

সুপ্রিয় অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট,

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। আপনি নিশ্চয় অবগত আছেন যে, শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ (Update) তথ্যের গুরুত্ব অপরিসীম। শিক্ষা পরিকল্পনাকারী ও শিক্ষাব্যবস্থাপকগণকে চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছর দেশের সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থেকে On line Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করে। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Education Statistics ২০১৯ প্রকাশ সহ অন্যান্য প্রতিবেদন প্রস্তুত করা সম্ভব হবে না।

২। তথ্য সংগ্রহ সংক্রান্ত বিষয়ে একটি নির্দেশিকা এতদ্সংগে প্রেরণ করা হলো (সংযুক্ত)। আপনার প্রতিষ্ঠানে On line এর সুবিধা না থাকলে নিকটস্থ ব্যানবেইস UITRCE ভবন থেকে তথ্য প্রেরণ করতে পারবেন।

৩। এমতাবস্থায় আগামী ১৪-২৫ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য On line Software ব্যবহার করে ব্যানবেইস এর সার্ভারে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

সংযুক্তিঃ ক) On line ফরম পূরনের নির্দেশিকা।

শুভেচ্ছান্তে,
২২/৯/১৯
(মোঃ ফসিউল্লাহ্)
মহাপরিচালক
ফোন: ৯৬৬৫৪৫৭
E-mail: info@banbeis.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট
..................................................................

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব কলেজ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব মাদ্রাসা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা ................................অঞ্চল।
১০। জেলা শিক্ষা অফিসার ................................।
১১। উপজেলা শিক্ষা অফিসার...............................................।
১২। অফিস নথি ।

# ‘ই-সার্ভে ২০১৯’ এর তথ্য ছক পূরণ নির্দেশিকা

১।	প্রথমে কম্পিউটারের Browser এ প্রবেশ করুন।


২।	ব্রাউজারে www.banbeis.gov.bd Web site এ প্রবেশ করুন।

৩।	আপনার সামনে **বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)** এর ওয়েবসাইটটি প্রদর্শিত হবে।


৪।	এবার নিম্নের ছবির নির্দেশনা অনুযায়ী মেনুবার থেকে **“ই-সার্ভে”** মেনুতে ক্লিক করুন।




৫।	ক্লিক করার পর নিম্নের মত **Sign in Page** প্রদর্শিত হবে। এখানে ***ইআইআইএন/ইউজার আইডি** বক্স এ আপনার প্রতিষ্ঠানের EIIN নম্বর লিখুন এবং ***পাসওয়ার্ড** বক্সে 532688 লিখুন এবং **সাইন ইন** বাটন এ Clickকরুন।



৬।	সফলভাবে লগইন হলে তথ্য ছকের মূল পাতা আসবে। আপনি সঠিকভাবে আপনার প্রতিষ্ঠানে প্রবেশ করেছেন কিনা তা নিশ্চিত হওয়ার জন্য নিম্নের ছবির মত উপরের ডান কোনায় প্রদর্শিত প্রতিষ্ঠানের নামের সাথে আপনার প্রতিষ্ঠানের নাম মিলিয়ে নিন।





৭।	এবার **সরাসরি বা অনলাইনে তথ্য পূরণ, পরিবর্তন বা দেখার জন্য এখানে Click করুন** অংশে Click করুন।


৮।	আপনার প্রতিষ্ঠানের অনেক তথ্য পূরণকৃত দেখাবে। এক্ষেত্রে পূরণকৃত তথ্যের কোন পরিবর্তন প্রয়োজন হলে পরিবর্তন করুন। এছাড়া কিছু তথ্য খালি বা ফাঁকা দেখবেন, ফাঁকা অংশগুলো যথাযথভাবে পূরণ করুন। বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন, মৌজা এবং পোস্ট অফিসের ঘর ফাঁকা থাকলে পরবর্তী ধাপে প্রবেশ করতে পারবেন না।

৯।	প্রথম Page এ প্রযোজ্য তথ্যসমূহ Update করা সম্পন্ন হলে ফরমের নীচের দিকে থাকা **Save And Go Forward** বাটন এ Click করুন। Click এর পূর্বে সকল তথ্য সঠিকভাবে দেয়া হয়েছে কিনা নিশ্চিত হউন। অসম্পূর্ণ বা আংশিক তথ্য কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভুল তথ্য প্রদান করলে প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হতে পারে।


১০। তথ্য সংরক্ষণের জন্য ব্রাউজার আপনার কাছ থেকে অনুমতি গ্রহণের জন্য নিম্নের মত কনফার্মেশন ডায়ালগ বক্স প্রদর্শন করবে। তথ্য সংশোধনের প্রয়োজন হলে Cancel বাটনে ক্লিক করুন। সঠিক হলে **OK** বাটনে ক্লিক করুন।





১১। তথ্য সফলভাবে সংরক্ষিত হলে নিম্নের মত ছবি আসবে। এখন **পরবর্তী পৃষ্ঠা (Next Page) >>** এ Click করুন। পরবর্তী পাতার তথ্য প্রদর্শিত হবে।




১২। এখন পূর্বের ন্যায় এই পাতার তথ্যসমূহ পূরণ করুন। তথ্য পূরণ করার পর তথ্য সংরক্ষণের জন্য নিচে থাকা **Save And Go Forward** বাটন এ ক্লিক করুন এবং ১০ নং নির্দেশনা অনুসরণ করুন।

১৩। একই পদ্ধতিতে সর্বশেষ পাতা পর্যন্ত যেতে হবে এবং প্রতি পাতার তথ্য পূরণের পর সংরক্ষণের জন্য ৯ এবং ১০ নং নির্দেশনা অনুসরণ করতে হবে।

১৪। সর্বশেষ পাতায় শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত তথ্য ছকে প্রতিটি শিক্ষকের তথ্য হালনাগাদ করুন, কোন শিক্ষকের নাম বাদ দেওয়ার প্রয়োজন হলে ঐ শিক্ষকের নামযুক্ত Row ডানদিকে (x) চিহ্নিত স্থানে Click করুন অথবা ঐ শিক্ষকের নামযুক্ত Row select করে delete করুন তারপর একই Row তে নতুন শিক্ষকের নাম টাইপ করুন। পুরুষ শিক্ষকের ক্ষেত্রে Male এবং মহিলা শিক্ষকের ক্ষেত্রে Female নির্বাচন করুন। যে সমস্ত শিক্ষকদের নাম উক্ত তালিকায় অন্তর্ভুক্ত হয়নি তাদের তথ্য এন্ট্রি করার জন্য <u>Add more</u> বাটনে Click করে নতুন Row create করে এন্ট্রি করুন এবং পূর্বের ন্যায় **Save And Go Forward** বাটনে ক্লিক করুন।

১৫। আপনার প্রতিষ্ঠানের তথ্য এন্ট্রির কাজ সমাপ্ত হলে প্রিন্ট করার জন্য শেষপাতার পৃষ্ঠার নীচে Print বাটন অথবা Ctrl+P চাপুন। প্রিন্ট ডায়লগ বক্স থেকে প্রিন্টে Click করুন। এখান থেকে সকল পাতা এক সাথে প্রিন্ট করা যাবে। অফিসিয়াল ডকুমেন্ট হিসাবে প্রতিটি পাতা প্রিন্ট করে সংরক্ষণ করুন।

১৬। তথ্য ছক পূরণ করার সময় কোন কারণবশত বিদ্যুৎ চলে গেলে অথবা আংশিক তথ্য এন্ট্রি করা থাকলে পুনরায় **সাইন-ইন** পাতায় গিয়ে EIIN নম্বর এবং Password দিয়ে মূল তথ্যছকের পাতায় প্রবেশ করতে হবে।

১৭। **ই-সার্ভে ২০১৯** এর তথ্য ছক পূরণে কোন সহযোগিতা বা পরামর্শের জন্য যোগাযোগ করুন -

**০২ ৯৬৬৭২৬৮, ০২ ৯৬৭৭০৭১,**
**০২ ৫৫১৫১৮১৫, ০২ ৫৫১৫১৮১৬**

**০১৭১১৫৭৬৩৩৩, ০১৫৫২৪৫৯০৭১, ০১৫৫২৩৩৯২৩১, ০১৮১৭০৯৫৩৭৭,**
**০১৯১৪৮৯০৫০৮, ০১৯১১০৩৫২৯৭, ০১৭২৩০৭৩২৫৪, ০১৯৩৬৫৮৩৮৫৬**

**info@banbeis.gov.bd**
**alamgir_asif@yahoo.com**
**kjahan61@yahoo.com**
**kamrulkhan62@yahoo.com**
**suzon.du@hotmail.com**

১৮। Software সংক্রান্ত জটিলতায় পরামর্শের জন্য যোগাযোগ করুন-

০১৭৮১৮২৮৩৮৪
০১৯১৪৮৯০৫০৮
০১৯১১০৩৫২৯৭

সহযোগিতার জন্য ধন্যবাদ